



সমাবর্তন অনুষ্ঠানে এক কৃতী শিক্ষার্থীকে স্বর্ণপদক পরিয়ে দিচ্ছেন শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার। গতকাল রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় নর্থ সাউথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে। ছবি : এনএসইউর সৌজন্যে

দায়িত্বশীল নেতৃত্বের মাধ্যমে গণতন্ত্র রক্ষার আহ্বান

নর্থ সাউথের ২৬তম সমাবর্তন

২,৬৪৬ জন স্নাতক ও ৬৭৬ স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীসহ মোট ৩,৩২২ শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়।

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

শিক্ষার্থীদের দায়িত্বশীল নেতৃত্বের মাধ্যমে দেশের গণতন্ত্র রক্ষা ও জনকল্যাণে অবদান রাখার আহ্বান জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার)। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেছেন, ডিগ্রি যেমন সুযোগ তৈরি করে, তেমনি শিক্ষা দায়িত্ব এনে দেয়। সে জন্য শিক্ষার্থীদের সততা ও সচেতনতার সঙ্গে উচ্চশিক্ষার ফলে পাওয়া সুযোগ প্রয়োগ করে ন্যায়ভিত্তিক, গণতান্ত্রিক ও মানবিক সমাজ গঠনে ভূমিকা রাখতে আহ্বান জানান তিনি।

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২৬তম সমাবর্তনে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন সি

“
ভবিষ্যৎ এখন আপনাদের হাতে। আমি আপনাদের অনুরোধ করছি, সততা ও সহমর্মিতার সঙ্গে নেতৃত্ব দিতে এবং কখনোই নিজের শিকড় ভুলবেন না।

আজিজ আল কায়সার, চেয়ারম্যান,
বিওটি, এনএসইউ

আর আবরার। গতকাল বুধবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। এতে মোট ৩ হাজার ৩২২ শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়, যার মধ্যে ২ হাজার ৬৪৬ জন স্নাতক ও ৬৭৬ জন স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থী।

শিক্ষার্থীদের 'নেতৃত্ব কেবল করপোরেট অফিস বা বোর্ডরুমে সীমাবদ্ধ নয়' উল্লেখ করে সি আর আবরার বলেন, নৈতিক সংকটের সময়েও নেতৃত্বের পরীক্ষা হয়। কেবল জ্ঞান দেওয়ার বাইরে বিশ্ববিদ্যালয় বিবেক, প্রশ্ন করার ক্ষমতা ও ন্যায়-অন্যায়ের বোধ গড়ে তোলার ক্ষেত্র।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কনভোকেশন মার্শাল এবং বিশ্ববিদ্যালয়ের গণিত ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. মামুন মোহাম্মাদ। অনুষ্ঠানে ডিগ্রিপ্রার্থীদের উপস্থাপন করেন এনএসইউর স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন অধ্যাপক

এ কে এম ওয়ারেসুল করিম, স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক সাজ্জাদ হোসেন এবং স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক দীপক কুমার মিত্র।

সমাবর্তন বক্তা ছিলেন ইউজিসির চেয়ারম্যান এস এম এ ফায়েজ। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'প্রত্যেক নাগরিকের মধ্যেই ভালো ও মন্দে পার্থক্য করার সক্ষমতা থাকে; কিন্তু তোমরা আলোকিত, শিক্ষিত মানুষ—এই পার্থক্য আরও গভীরভাবে, আরও দক্ষতার সঙ্গে করতে পারো।'

অনুষ্ঠানে বক্তৃতা করেন ইউজিসির সদস্য (বেসরকারি বিশ্ববিদ্যালয়) অধ্যাপক মোহাম্মদ আনোয়ার হোসেন। শিক্ষার্থীদের উদ্দেশে এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান আজিজ আল কায়সার বলেন, 'ভবিষ্যৎ এখন আপনাদের হাতে। আমি আপনাদের অনুরোধ করছি, সততা ও সহমর্মিতার সঙ্গে নেতৃত্ব দিতে এবং কখনোই নিজের শিকড় ভুলবেন না।'

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আবদুল হামান চৌধুরী বলেন, 'আজ আপনারা কেবল একটি ডিগ্রি অর্জন করেননি। আজ আমরা আপনাদের হাতে তুলে দিচ্ছি একটি দায়িত্ব এবং আগামী দিনে আমাদের দেশকে গড়ে তোলার সুযোগ। দেশের উন্নয়ন, প্রবৃদ্ধি ও বিস্তারের দায়িত্ব আপনাদের হাতেই।'

সমাবর্তন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) সদস্য এম এ কাশেম, বেনজীর আহমেদ, মো. শাহজাহান, ইয়াছমিন কামাল, রেহানা রহমান, দুর্লুমা আহমেদ, সহ-উপাচার্য নেছার উদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ আবদুর রব খান।

সমাবর্তনে স্নাতক পর্যায়ে চ্যান্সেলরস গোল্ড মেডেল পেয়েছেন মাহিরা ইসলাম আসফি ও স্নাতকোত্তরে মেহরুবা মোবিন তুইয়া। এ ছাড়া স্নাতক পর্যায়ে তাইস চ্যান্সেলরস গোল্ড মেডেল পেয়েছেন জেমিমা শারমিন লামিয়া, হুমায়রা আনজুম আর্চি, রাশিক ইরাম চৌধুরী ও তাসনিম জাহান।

স্নাতকোত্তর পর্যায়ে উপাচার্যের স্বর্ণপদক পেয়েছেন তাসবির রায়হান, নুসরাত জাহান লিপী, তাবাসসুম হায়দারি ও তাসমিম আবু সাহেল।